



বুধবার শিল্পকলা একাডেমিতে ঢাকা বইমেলায় একটি স্টলে দর্শনাধীরা **সমকাল**

## ঢাকা বিভাগীয় বইমেলা শুরু

### ■ সমকাল প্রতিবেদক

বৈরী আবহাওয়া ও অগোছালো পরিবেশ— এ দুইকে সঙ্গী করে শুরু হলো ঢাকা বিভাগীয় বইমেলা। গতকাল বুধবার শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় বইমেলায় উদ্বোধন করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। বিশেষ অতিথি ছিলেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মহিদুল হক।

সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মাহমুদা আখতার মীনার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মো. আজহারুজ্জামান এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ওসমান গনি।



জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সহযোগিতায় সপ্তাহব্যাপী এ বইমেলা চলবে ৩১ মে পর্যন্ত। মেলায় সরকারি ও বেসরকারি ৪০টি প্রকাশনা সংস্থা অংশ নিচ্ছে।

বেসরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে— ইউপিএল, আগামী, অন্যপ্রকাশ, অবসর, কাকলী, অ্যাডর্ন পাবলিকেশন, ঐতিহ্য, প্রথমা, চন্দ্রাবতী একাডেমি, অনিন্দ্য প্রকাশ, তামুলিপি, বেঙ্গল পাবলিকেশন, চারুলিপি প্রভৃতি প্রকাশনা সংস্থা। আর সরকারি সংস্থাগুলোর মধ্যে রয়েছে— শিশু একাডেমি, শিল্পকলা একাডেমি ও নজরুল ইনস্টিটিউট। মেলা প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত চলবে। ছুটির দিন এ সময়সীমা হবে বেলা ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত : গতকাল রাজধানীর গাইহু অর্থনীতি কলেজ মিলনায়তনে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ৪৬তম প্রতিষ্ঠা দিবস উদযাপিত হয়েছে। যৌথভাবে স্বাধীন বাংলা বেতার কর্মী পরিষদ ও গাইহু অর্থনীতি কলেজ এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে সাংস্কৃতিক ব্যক্তির কামাল লোহানীর সভাপতিত্বে বক্তব্য রাখেন শব্দসৈনিক মেজর (অব.) ওয়াকার হাসান বীরপ্রতীক, আশরাফুল আলম, আশফাকুর রহমান খান, সৈয়দ মহিউদ্দিন হায়দার, ইঞ্জিনিয়ার রেজাউল করিম চৌধুরী, স্বাধীন বাংলা বেতার কর্মী পরিষদের সাধারণ সম্পাদক মো. মনোয়ার হোসেন খান প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন গাইহু অর্থনীতি কলেজের অধ্যক্ষ অধ্যাপক সামসুন্নাহার। আলোচনার শেষে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান।

শনিবার থেকে সপ্তবর্ণা নাট্যোৎসব : নাট্যচক্রের আয়োজনে শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় শনিবার থেকে শুরু হচ্ছে দলের সহসভাপতি গোলাম সারোয়ার নির্দেশিত সাত নাটক নিয়ে সপ্তবর্ণা নাট্যোৎসব। সপ্তাহব্যাপী এ উৎসবে মঞ্চস্থ হবে 'একশ বস্তা চাল', 'ঘরজামাই', 'ক্রিওপেট্রা', 'বিবাহ প্রস্তাব', 'কমলাকান্ত', 'কালের যাত্রা' এবং 'ভদ্রনোক'।

গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান নাট্যচক্রের সভাপতি ম. হামিদ। তিনি জানান, শনিবার সন্ধ্যায় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের উৎসব উদ্বোধন করবেন। সংবাদ সম্মেলনে নাট্য নির্দেশক গোলাম সারোয়ার উপস্থিত ছিলেন।